কুষ্টিয়ায় ২৪ ঘণ্টায় নতুন শনাক্ত ১৮০! মৃত্যু ৯

কুষ্টিয়ায় গত ২৪ ঘণ্টায় করোনায় আরও ৯ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে ৫৪৫টি নমুনা পরীক্ষায় ১৮০ জনের করোনা শনাক্ত হয়েছে। সোমবার জেলা সিভিল সার্জন ডা. আনোয়ারুল ইসলাম এ তথ্য জানান।

সিভিল সার্জন জানান, ২৪ ঘণ্টায় মারা যাওয়া সবাই কুষ্টিয়া জেলা স্বাস্থ্য বিভাগের অধীনে চিকিৎসাধীন ছিলেন।

করোনা ডেডিকেটেড কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার তাপস কুমার সরকার জানান, গতকাল পর্যন্ত কুষ্টিয়া জেনারেল হাসপাতালের ২৫০ শয্যার করোনা ইউনিটে ভর্তি আছেন ১৬৪ জন।

তিনি আরও জানান, জেলায় হোম আইসোলেশনে আছেন ১৬৫১। গত পরশু ছিলেন ১৫৫৬ জন। আগের দিন ছিলেন ১৪১২ জন। এ পর্যন্ত কুষ্টিয়ায় আক্রান্ত হয়েছেন সাত হাজার ৩৫৭ জন এবং মারা গেছেন ১৯৬ জন।

এদিকে কুষ্টিয়া জেলায় চলমান লকডাউন এখনো বহাল রাখা আছে। গত মধ্যরাত থেকে ১৪ দিনের লকডাউন শেষে সোমবার ভোর থেকে আবার লকডাউন বাড়ানো হয়েছে।

দামুড়হুদায় এডিপি প্রকল্পর কাজ পরিদর্শন করলেন ইউএনও দিলারা রহমান

দামুড়হুদা উপজেলার দর্শনা থানার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নে এডিপির বিভিন্ন প্রকল্প পরিদর্শন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

সোমবার বেলা ১২ টার দিকে পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নে এডিপির

বিভিন্ন প্রকল্প সরেজমিনে পরিদর্শন কালে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান বলেন, বর্তমান সরকার ডিজিটাল সোনার বাংলা গড়ার অঙ্গিকার নিয়ে ব্যাপক উন্নয়নমূলক কাজের মাধ্যমে প্রতিটি গ্রামকে একটি আধুনিক গ্রাম হিসাবে গড়ে তুলতে কাজের বরাদ্দ দিয়েই চলেছেন।

এডিপি উন্নয়ন প্রকল্পও তারই একটি অংশ। উক্ত এডিপির প্রকল্প উন্নয়ন পরিদর্শক কালে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান ছাড়াও আরও উপস্থিত ছিলেন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের চেয়ারম্যান এসএএম জাকারিয়া আলম, সিও জসিম উদ্দিন প্রমুখ।

মুজিবশতবর্ষ উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা রোভার এর উদ্যোগে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত

মুজিবশতবর্ষ উপলক্ষে বাংলাদেশ স্কাউটস চুয়াডাঙ্গা জেলা রোভার কর্তৃক আয়োজিত চুয়াডাঙ্গা জেলা পর্যায়ে মুজিববর্ষ বিতর্ক প্রতিযোগিতা ২০২১ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বেলা সাড়ে এগারো টার সময় অনলাইন মাধ্যম জুম অ্যাপ এর মাধ্যমে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। চুয়াডাঙ্গা জেলা রোভার এর সম্পাদক মোঃ জাহিদুল হাসান এর উপস্থাপনায় ও পরিচালনায় উক্ত বিতর্ক প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার রোভারের কমিশনার মোঃ আবু হাসান বাচ্চু।

উক্ত বিতর্ক প্রতিযোগিতায় বিচারকমণ্ডলী হিসাবে দায়িত্ব পালন করেন মোঃ মাসুদুর রহমান মোঃ আব্দুল মুকিদ জোয়াদ্দার মোঃ ওবায়দুল ইসলাম তুহিন উক্ত বিতর্ক প্রতিযোগিতায় চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউট গ্রুপ প্রথম স্থান অধিকার করে এবং শ্রেষ্ঠ বক্তা নির্বাচিত হন মোঃ আল মুতাকাব্বির।

চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউট গ্রুপ এর পক্ষ থেকে বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন মো:আল মুতাকাব্বির (দলনেতা) মোঃ মনির হোসেন জীবন ও মোঃ আল-আমিন হোসেন। বিতর্ক প্রতিযোগিতায় দ্বিতীয় স্থান অধিকার করে জীবননগর ডিগ্রী কলেজ ও তৃতীয় স্থান অধিকার করে তেতুল শেখ কলেজ।

গাংনীতে পুকুরের পানিতে ডুবে কন্যা শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের গাঁড়াডোব-পোড়াপাড়ায় একটি পুকুর থেকে শান্তা খাতুন (১০) নামের এক কন্যা শিশুর ভাসমান মরদেহ উদ্ধার করা হয়েছে। শিশু কন্যা শান্তা পোড়াপাড়ার শামীম হোসেনের মেয়ে।

সোমবার সন্ধ্যায় বাড়ির পাশে ইটভাটা সংলগ্ন একটি পুকুরের পানি থেকে শান্তার ভাসমান মরদেহ উদ্ধার করে স্থানীয়রা।

জানা গেছে, শান্তা দুপুরের দিকে খেলা করতে বাড়ির বাইরে যায়। বিকেল গড়িয়ে গেলেও সে বাড়ি ফিরে আসেনি। এসময় অনেক খোঁজাখুজির এক পর্যায়ে বাড়ির নিকট ইটভাটা সংলগ্ন পুকুরের পানিতে শান্তার মরদেহ ভাসতে দেখে কয়েকজন প্রতিবেশী।

সে বেঁচে আছে ভেবে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়া হয়।

এসময় কর্তব্যরত ডাক্তার তাকে মৃত ঘোষণা করেন। শান্তা গোসল করতে গিয়ে অসাবধানতাবশত পানিতে ডুবে মারা গেছে বলে ধারণা করা হচ্ছে। গাংনী থানার ওসি বজলুর রহমান জানান মরদেহ উদ্ধার করা হয়েছে। তদন্ত শেষে মৃত্যুর কারণ বলা সম্ভব হবে।

চুয়াডাঙ্গায় প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ

করোনাই কর্মহীন হয়ে পড়া চুয়াডাঙ্গা সদর উপজেলা পৌর এলাকার অটো চালকদের মাঝে প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে।

সোমবার দুপুর সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা চাঁদমারি মাঠে চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহি অফিসার মোঃ সাদিকুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার।

এ সময় তিনি বলেন, চুয়াডাঙ্গা জেলায় কর্মরত সকল মানুষ প্রধানমন্ত্রী মানবিক সহায়তার আওতায় আসবেন তিনি সকলকে ঘরে থাকতে বিশেষ ভাবে আহ্বান জানান। বিনা প্রয়োজনে ঘর থেকে বাহির না হবার জন্য বলেন। এবং সকলকে বাধ্যতামূলক মাস্ক পরতে নির্দেশ দেন।

তিনি আরো বলেন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের পক্ষ থেকে কর্মহীন দুঃস্থ অসহায় মানুষের মাঝে প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে। এখন উপজেলা প্রশাসনের পক্ষ থেকে এই কার্যক্রম অব্যাহত থাকবে। তিনি সমাজের সকল প্রকার বিত্তবানদের এই কার্যক্রমে পাশে দাঁড়ানোর আহ্বান জানান।

ত্রাণ বিতরণ কার্যক্রম আরো উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম। এসময় ২১০ জন ইজিবাইক পরিবারের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়।

চুয়াডাঙ্গা সদর উপজেলার পৌর এলাকার সর্বোমোট ২১০ জন অটো চালকদের মাঝে ১০ কেজি চাল, ০২ কেজি আলু, ০১ কেজি ডাল, ০১কেজি চিনি, ০১ কেজি ভোজ্যতেল, ০১কেজি লবণ বিতরণ করা হয়। উক্ত প্রধানমন্ত্রীর মানবিক সহায়তা কার্যক্রম আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ ফখরুল আলম খান সহ উপকারভোগী পরিবারের লোকজন।

মেহেরপুরে লাফিয়ে বাড়ছে করোনা আক্রান্তের সংখ্যা! একদিনে আক্রান্ত ৮১

মেহেরপুরে লাফিয়ে বাড়ছে করোনা আক্রান্তের সংখ্যা। নতুন করে আরও ৮১ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদর উপজেলায় ২৫ জন, গাংনীতে ৩৯ জন এবং মুজিবনগরে ১৭ জন।

সোমবার রাতে মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১৯৭টি। তারমধ্যে ৮১ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৪৮৫ জন। তার মধ্যে সদরে ১৯১ জন, গাংনীতে ১৯৬ জন এবং মুজিবনগরে ৯৮ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ৪৬ জন। এদের মধ্যে সদরে ১৫ জন, গাংনী ১৯ জন ও মুজিবনগর ১২ জন।

এসময় তিনি সবাইকে সামাজিক দূরত্ব, নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস, মাস্ক ব্যবহার, জন সমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান।

হরিণাকুণ্ডুর স্বামী’র হত্যা মামলা তুলে না নেওয়ায় এক বিধবা নারীকে বাড়ি ছাড়া করার চেষ্টা

হরিণাকুণ্ডুর ভাই ভাই ক্লিনিকে অপারেশনের সময় ডাক্তারের অবহেলায় স্বামীর মৃত্যু হয়েছে মর্মে কোর্টে মামলা করার কারনে হরিণাকুন্ডু উপজেলার দখলপুর গ্রামের দুই সন্তানের জননী মৃত আঃ রহিম লিটুর স্ত্রী কয়তরী বেগম (৪২) নামে এক সদ্য বিধবা নারীকে বাড়ি ছাড়া করার চেষ্ঠা করছে একটি সন্ত্রাসী মহল।

জানতে চাইলে তিনি বলেন, আমার বাড়ি আওলা (স্বাামী) ক্লিনিক থেকে কোন টাকা পায়নি, তবে শুনেছি মামলা মিমাংশা করার জন্য নিহত লিটুর মাকে কিছু টাকা দিয়েছে। এজন্য আমার স্বামী মিমাংশা করে দিয়ার চেষ্টা করছে। মামলার অন্যান্য আসামীদের মধ্যে সেকেন্দার আলী এবং আলী হোসেন বলেন এই মামলার সাথে আমরা কোন ভাবেই জড়িত নয়। আমরা ডাক্তার, নার্স, এ্যসিস্ট, ক্লিনিকের মালিক, ম্যানেজার কিছুই নাই শুধু উদ্দেশ্য মূলক ভাবে স্থানীয় গ্রুপিং এর কারণে কিছু মানুষের ইন্ধনে পড়ে আমাদের ফাঁসানো হয়েছে। সুষ্ঠু তদন্ত হলে প্রকৃত সত্য বেরিয়ে আসবে।

ক্লিনিকে রুগী হত্যা মামলার বিষয়ে হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রহিম মোল্লা বলেন মামলাটি তদন্তের জন্য আমাদের এখানে এসেছে। আমরা নিদিষ্ট সময়ের মধ্যে সুষ্ঠু তদন্ত করে কোর্টে হস্তান্তর করবো।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় ট্রাকের হেলপারের হাত বিচ্ছিন্ন, চালক জখম

মেহেরপুরের গাংনীতে একটি বালি ভর্তি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা লেগে হেলফার খেজমত আলীর বাম হাত শরীর থেকে বিচ্ছিন্ন হয়েছে। দুর্ঘটনায় ট্রাকের চালক জিয়াউর রহমান জিয়া (৪০) গুরুতরভাবে আহত হয়।
আজ সোমবার দুপুর আড়াইটার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার বামন্দী বাজারের অদূরে এ দুর্ঘটনা ঘটে।

আহত জিয়া মেহেরপুর জেলা শহরের বেড়পাড়ার আমির হোসেনের ছেলে ও হেলপার খেজমত আলী মেহেরপুর সদর উপজেলার আমঝুপি-চাঁদবিল গ্রামের নায়েব আলীর ছেলে।

স্থানীয়রা জানান, কুষ্টিয়ার দিক থেকে ছেড়ে আসা একটি বালি ভর্তি ট্রাক মেহেরপুরের দিকে আসছিল। ট্রাকটি বামন্দী শহরের কাছাকাছি পৌঁছালে,বিপরীত দিক থেকে একটি গরু বোঝাই ট্রলির সাথে ধাক্কা লাগার উপক্রম হলে ট্রাকটি নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে গাছের সাথে ধাক্কা লাগে। এসময় ওই ট্রাকের চালক ও হেলপার আহত হয়। স্থানীয় বামন্দী ফায়ার সার্ভিসদলের সদস্যরা আহতদের উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়। তাদের শারীরিক অবস্থার অবনতি দেখে সেখান থেকে দু’জনকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নেয়া হয়।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, দুর্ঘটনা কবলিত ট্রাকটি উদ্ধার করা হয়েছে।

ডক্টর’স পয়েন্ট কনসালটেশন সেন্টারের উপদেষ্টা নিয়োগ

মেহেরপুর জেলার প্রথম সমন্বিত স্বাস্থ্যসেবা কেন্দ্র ডক্টর’স পয়েন্ট কনসালটেশন সেন্টার এর সার্বিক উন্নয়নে পরামর্শ, সহযোগিতা ও দিক নির্দেশনা প্রদানের জন্য দুই জন উপদেষ্টা নিয়োগ করা হয়েছে। উপদেষ্টারা হলেন- মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক ও বিশিষ্ট লেখক, গবেষক আবদুল্লাহ আল আমিন ধূমকেতু এবং মেহেরেপুর জেলা প্রেস ক্লাব এর সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু।

উপদেষ্টা দুজনকে কে (অবৈতনিক) হিসেবে ২(দুই) বছরের জন্য দায়িত্ব প্রদান করা হয়। উপদেষ্টাদ্বয় প্রধান নির্বাহী কর্মকর্তার সমমর্যাদা সম্পন্ন হবেন। তারা দায়িত্ব পালনকালে ডক্টর’স পয়েন্ট কনসালটেশন সেন্টারের স্বাস্থ্যসেবা সমূহ অত্র অঞ্চলের মানুষের চাহিদা উপযোগী ও জনবান্ধব হিসেবে গড়ে তুলতে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।

মুজিবনগরে লকডাউন বাস্তবায়নে ট্রাফিক পুলিশের চেকপোষ্ট

মেহেরপুর জেলাব্যাপী লকডাউন কার্যকর করতে মুজিবনগরে দিনব্যাপী চেকপোষ্ট স্থাপন করেছে জেলা ট্রাফিক পুলিশ।

সোমবার সকাল থেকে মুজিবনগর উপজেলার কেদারগন্জ বাজার প্রাঙ্গনে এ চেকপোষ্ট স্থাপন করা হয়। এ সময় দুপুর ১২ টা প্রযন্ত রেজিষ্ট্রেশনবিহিন ৫ টি গাড়ি আটক করা হয় এবং ড্রাইভিং লাইসেন্স ও হেলমেট না থাকায় ৩ টি গাড়িতে মামলা দেওয়া হয় চেকপোষ্ট এর নেতৃত্ব দেন টিএসআই সুলতান।

এছাড়া মুজিবনগর থানা পুলিশের একটি টিম কেদারগন্জ বাজার প্রাঙ্গনে লকডাউন বাস্তবায়নে অভিযান পরিচালনা করে।

অভিযান পরিচালনাকালে মাস্ক ছাড়া কেউ বাড়ীর বাহিরে না যাওয়ার আহবান জানানো হয়। এসময় দোকানে বসে আড্ডা দেয়া বা ঘোরাঘুরি করা যাবে না বলে সতর্ক করেন পুলিশ সদস্যরা ।